দৈনিক সংবাদ

তারিখ 28 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

30

# কুমিল্লা রাজশাহী ও যশোর বোর্ডের ফল প্রস্তুত ॥ প্রকাশের পদ্ধতি নিয়ে সিদ্ধান্তহীনতা

(নিজস্ব বার্তা পরিবেশক) কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডের এস এস সি পরীক্ষার ফল আগামী কয়েক দিনের মধ্যে একই দিনে প্রকাশ করা হতে পারে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এ তিনটি বোর্ডের ফল ইতিমধ্যে প্রস্তুত হয়ে রয়েছে। এখন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য রেজাল্ট শীট কম্পিউটারে তৈরি হচ্ছে। সূত্রটি জানায়, সংবাদপত্রগুলোতে কিভাবে ফল সরবরাহ করা হবে এ বিষয়ে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার ও প্রেস ইনফর্মেশন ডিপার্টমেন্ট (পিআইডি)-এর মধ্যে ঐকমত্য না হওয়ায় দ্রুত ফল প্রকাশ করা ফল ঃ পৃঃ ১২ কঃ৭

## ফল ঃ সিদ্ধান্তহীনতা

( ১ম পৃষ্ঠার পর )

যাচ্ছে না। সূত্রটি জানায়, তিনটি বোর্ডের ছাপানো রেজাল্ট শীট ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট প্রভৃতি স্থানের পত্রিকাতে দিতে হবে বলে পিআইডি ঢাকা বোর্ডের চেয়ে অনেক বেশি রেজাল্ট শীট সর-বরাহের জন্য বলে। কম্পিউটার সেন্টার থেকে পিআইডিকে জানানো হয় যে, শুধুমাত্র পত্রিকার জন্যই রেজাল্ট শীট ছাপতে অনেক সময় দরকার। ফলে ফল প্রকাশে দেরী হয়ে যাবে। তাই কম্পিউটার সেন্টার গতকাল শনিবার সকালে পত্রিকা-গুলোর জন্য কম্পিউটারের ফ্লপি ডিস্কে ফল সরবরাহের প্রস্তাব দেয়। পিআইডি প্রথমে এ প্রস্তাবে রাজি হলেও পরে আবার জানায় যে, পত্রিকার জন্য ডিস্ক নয়- ছাপানো রেজাল্ট শীট চাই। এরপর কম্পিউটার সেন্টার শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে ডিস্ক সরবরাহের বিষয়টি বোঝাতে চেষ্টা করে। কিন্তু মন্ত্রণালয় থেকে জানানো হয় যে, পত্রিকার ব্যাপারে পিআইডি যা বলবে সেটাই অনুসরণ করতে হবে।

কম্পিউটার সেন্টারের একটি সূত্র জানায়, পিআইডি পত্রিকাগুলোর জন্য ডিস্কে ফল না নিলে তিনটি বোর্ডের ফল একসঙ্গে দিতে চাইলে কমপক্ষে আরো একসপ্তাহ সময় লাগবে। আর তিনটি বোর্ডের ফল আলাদা আলাদা দিতে চাইলে আজ রোববার বড়জোর একটি বোর্ডের ফল প্রকাশ সম্ভব হতে পারে। তবে সবগুলো বোর্ডের ফল প্রকাশ শেষ করতে কমপক্ষে একসপ্তাহ লাগবেই। কারণ এতে পত্রিকাগুলোর জন্য অতিরিক্ত রেজাল্ট শীট বের করতে হবে। আর পিআইডি পত্রিকাগুলোর জন্য ডিস্কে ফল নিতে রাজি হলে আগামী দু'দিনের মধ্যে তিনটি বোর্ডের ফল একসঙ্গে প্রকাশ সম্ভব হবে।